# 2022

## PHILOSOPHY — HONOURS

### Paper : CC-4

### (History of Western Philosophy-II)

### Full Marks : 65

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও *(যে-কোনো দশটি)* : ১×১০

(ক) ____________ বলেন যে, যা পূর্বে ইন্দ্রিয়ের মধ্যে ছিল না তা বুদ্ধিতে থাকতে পারে না।

(অ) বার্কলে (আ) কান্ট

(ই) লক (ঈ) হিউম।

(খ) লকের মতে ____________ মিশ্র প্রত্যংশের উদাহরণ।

(অ) সৌন্দর্য (আ) দেশ

(ই) সংখ্যা (ঈ) স্থিতিকাল।

(গ) ধারণার মিল ও অ-মিল প্রত্যক্ষ করাই জ্ঞান, জ্ঞানের এই সংজ্ঞার প্রস্তাব করেন—

(অ) লাইবনিজ (আ) প্লেটো

(ই) বার্কলে (ঈ) লক্।

(ঘ) বার্কলে মনে করেন যে

(অ) মুখ্যগুণগুলি বিষয়গত, গৌণগুণগুলি বিষয়ীগত।

(আ) মুখ্যগুণগুলি বিষয়ীগত, গৌণগুণগুলি বিষয়গত।

(ই) মুখ্যগুণ ও গৌণগুণ উভয় গুণই বিষয়গত।

(ঈ) মুখ্যগুণ ও গৌণগুণ উভয় গুণই বিষয়ীগত।

(ঙ) ____________ মতে, বার্কলের আত্মগত ভাববাদ আত্মকেন্দ্রিকতাজনিত দোষে দুষ্ট।

(অ) ম্যুরের (আ) রাসেলের

(ই) হিউমের (ঈ) পেরির।

(চ) বার্কলের মতে

(অ) সাধারণ ধারণা আছে, বিমূর্ত সাধারণ ধারণা নেই।

(আ) বিমূর্ত সাধারণ ধারণা আছে, সাধারণ ধারণা নেই।

(ই) সাধারণ ও বিমূর্ত সাধারণ ধারণা উভয়েই আছে।

(ঈ) সাধারণ ও বিমূর্ত সাধারণ ধারণা উভয়েই নেই।

(ছ) ____________ নীতিটি হিউম স্বীকৃত অনুষঙ্গ নীতি নয়।

(অ) অভিন্নতা (আ) সাদৃশ্য

(ই) সান্নিধ্য (ঈ) কার্যকারণ।

(জ) হিউম রচিত গ্রন্থটি হল—

(অ) A Treatise Concerning the Principles of Human Knowledge

(আ) New Essays on Human Understanding

(ই) An Essay Concerning Human Understanding

(ঈ) An Enquiry Concerning Human Understanding.

(ঝ) হিউমের মতে ধারণার সম্বন্ধ বিষয়ক বচন পাওয়া যায়

(অ) পদার্থবিদ্যায় (আ) গণিতে

(ই) রসায়নবিদ্যায় (ঈ) ইতিহাসে।

(ঞ) কান্টের মতে পূর্বতঃসিদ্ধ অবধারণ হল—

(অ) অভিজ্ঞতাভিত্তিক (আ) অভিজ্ঞতা নিরপেক্ষ

(ই) অবরোহমূলক (ঈ) ঈশ্বরীয়।

(ট) কান্টের মতে সংবেদনীশক্তির দুটি পূর্বতঃসিদ্ধ আকার হল—

(অ) ঈশ্বর ও আত্মা (আ) জগত ও ঈশ্বর

(ই) জগত ও আত্মা (ঈ) দেশ ও কাল।

(ঠ) কান্টের মতে পরতসাধ্য বিশ্লেষক বচন হল—

(অ) সত্য (আ) মিথ্যা

(ই) অনিবার্যভাবে সত্য (ঈ) যৌক্তিকভাবে অসম্ভব।

২। সংক্ষিপ্ত উত্তর দাও (*যে-কোনো পাঁচটি*) ঃ

(ক) লক কীভাবে সরল ও জটিল ধারণার মধ্যে পার্থক্য করেন? বিভিন্ন প্রকার সরল ধারণা উদাহরণসহ ব্যাখ্যা করো। ২+৩

(খ) লক কীভাবে সহজাত ধারণাতত্ত্ব খণ্ডন করেন? আলোচনা করো। ৫

(গ) লক স্বীকৃত মুখ্যগুণ ও গৌণগুণের পার্থক্য বিষয়ে বার্কলের অভিমতটি উল্লেখ করো। ৫

(ঘ) বিমূর্ত সাধারণ ধারণা কাকে বলে? বিমূর্ত সাধারণ ধারণা বিষয়ে বার্কলের মতটি বিশদে লেখো। ১+৪

(ঙ) হিউমের বক্তব্য অনুযায়ী ধারণার অনুষঙ্গ ও তার প্রকারগুলি উদাহরণসহ ব্যাখ্যা করো। ৫

(চ) কারণ ও কার্যের অবশ্যম্ভাবী সম্পর্কের বিরুদ্ধে হিউমের যুক্তিগুলি উল্লেখ করো। ৫

(ছ) কান্ট কীভাবে কালকে পূর্বতঃসিদ্ধ অনুভবরূপে প্রমাণ করেন? ৫

(জ) উদাহরণসহ পূর্বতঃসিদ্ধ এবং পরতসাধ্য অবধারণের মধ্যে পার্থক্য লেখো। ৫

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) লককে অনুসরণ করে জ্ঞানের সংজ্ঞা দাও। তিনি যে জ্ঞানের বিভিন্ন মাত্রা উল্লেখ করেছেন তা উদাহরণসহ আলোচনা করো। লকের জ্ঞানতত্ত্ব কি তাঁর অভিজ্ঞতাবাদের সঙ্গে সঙ্গতিপূর্ণ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪+৬+৫

(খ) 'অস্তিত্ব প্রত্যক্ষনির্ভর'— বার্কলের এই সূত্রটি ব্যাখ্যা ও বিচার করো। ১০+৫

(গ) সংশয়বাদ বলতে কী বোঝো? হিউম কীভাবে পূর্বগামী ও অনুগামী সংশয়বাদের মধ্যে পার্থক্য করেন? হিউমের সংশয়বাদের প্রকৃতি আলোচনা করো। ২+৫+৮

(ঘ) কোপার্নিকীয় বিপ্লব কী? জ্ঞানরাজ্যে কি কান্ট এই প্রকার বিপ্লব ঘটিয়েছিলেন? যুক্তিসহ উত্তর দাও। ৩+১২

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct option ***(any ten)*** : 1×10

(a) ____ says that there is nothing in the intellect which was not previously in the senses.

(i) Berkeley (ii) Kant

(iii) Locke (iv) Hume.

(b) According to Locke, ___ is an example of mixed mode.

(i) beauty (ii) space

(iii) number (iv) duration.

(c) Knowledge consists in the perception of agreement and disagreement of ideas is held by—

(i) Leibnitz (ii) Plato

(iii) Berkeley (iv) Locke.

(d) Berkeley holds that

(i) primary qualities are objective, secondary qualities are subjective.

(ii) primary qualities are subjective, secondary qualities are objective.

(iii) both primary and secondary qualities are objective.

(iv) both primary and secondary qualities are subjective.

(e) According to ___, Berkeley's Subjective Idealism suffers from the fallacy of ego-centric predicament.

(i) Moore (ii) Russell

(iii) Hume (iv) Perry.

(f) According to Berkeley,

(i) there are general ideas, but not abstract general ideas.

(ii) there are abstract general ideas, but not general ideas.

(iii) there are both abstract general ideas and general ideas.

(iv) there are neither general ideas nor abstract general ideas.

(g) ____ is not recognised by Hume as principle of association.

(i) Identity (ii) Resemblance

(iii) Contiguity (iv) Causation.

(h) Hume is the author of the book

(i) A Treatise Concerning the Principles of Human Knowledge

(ii) New Essays on Human Understanding

(iii) An Essay Concerning Human Understanding

(iv) An Enquiry Concerning Human Understanding.

(i) Hume holds that propositions concerning relations of ideas are found in

(i) Physics (ii) Mathematics

(iii) Chemistry (iv) History.

(j) An a priori judgement, according to Kant, is

(i) empirical (ii) independent of experience

(iii) deductive (iv) divine.

(k) Kant holds that the two a priori forms of sensibility are

(i) God and Soul (ii) World and God

(iii) World and Soul (iv) Space and Time.

(l) Kant considers analytic a posteriori judgements to be

(i) True (ii) False

(iii) necessarily true (iv) logically impossible.

2. Answer in brief ***(any five)*** :

(a) How does Locke distinguish between simple and complex ideas? Explain different types of simple ideas with examples. 2+3

(b) How does Locke refute the doctrine of innate ideas? Discuss. 5

(c) Discuss Berkeley's view regarding Locke's distinction between primary and secondary qualities. 5

(d) What is an abstract general idea? Elucidate Berkeley's view on abstract general idea. 1+4

(e) Explain with illustrations, after Hume, the various kinds of association of ideas. 5

(f) State Hume's agruments against the necessary relation between cause and effect. 5

(g) How does Kant prove that time is an a priori intuition? 5

(h) Distinguish between an a priori and an a posteriori judgement with examples. 5

3. Answer ***any two*** questions :

(a) Explain Locke's definition of knowledge. Discuss with examples, different degrees of knowledge recognized by Locke. Is Locke's view of knowledge consistent with his empiricism? Give reasons for your answer. 4+6+5

(b) Explain and examine Berkeley's view 'esse est percipi. 10+5

(c) What is scepticism? How does Hume distinguish between antecedent and consequent scepticism? Explain the nature of Hume's scepticism. 2+5+8

(d) What is Copernican Revolution? Did Kant bring such revolution in the field of epistemology? Justify your answer. 3+12

———————